

(খ) উপ-ধারা (২) এ “চার মাসের” শব্দগুলির পরিবর্তে “ছয় মাসের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১৯৯১ সনের ২২ নং  
আইনের প্রথম  
তফসিলের সংশোধন

৯৩। মূল্য সংযোজন কর আইনের প্রথম তফসিল এই আইনের তফসিল ৫ এ বর্ণিত রূপে সংশোধিত হইবে।

১৯৯১ সনের ২২ নং  
আইনের দ্বিতীয়  
তফসিলের সংশোধন

৯৪। মূল্য সংযোজন কর আইনের দ্বিতীয় তফসিল এর-

(ক) ক্রমিক নং ৪ এর দফা (ক) বিলুপ্ত হইবে; এবং

(খ) ক্রমিক নং ৫ এর দফা (ক) তে “রেন্ট-এ কার সার্ভিস” শব্দগুলি ও চিহ্নটির পরিবর্তে “যানবাহন ভাড়া প্রদানকারী” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১৯৯১ সনের ২২ নং  
আইনের তৃতীয়  
তফসিলের প্রতিস্থাপন

৯৫। মূল্য সংযোজন কর আইনের তৃতীয় তফসিলের পরিবর্তে এই আইনের তফসিল ৬ এ বর্ণিত তৃতীয় তফসিল প্রতিস্থাপিত হইবে।

টার্গেটভার কর কমিশন  
এর অনিষ্পন্ন মামলা  
সংক্রান্ত বিধান

৯৬। এই আইন দ্বারা টার্গেটভার কর কমিশন বিলোপের তারিখে উক্ত কমিশনে কোন আবেদন বা আপীল অনিষ্পন্ন থাকিলে উক্ত অনিষ্পন্ন আবেদন এবং আপীল Appellate Tribunal এ তাৎক্ষণিকভাবে স্থানান্তরিত (stand transfer) হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং Appellate Tribunal স্থানান্তরিত আবেদন এবং আপীল এইরূপে নিষ্পন্ন করিবে যেন স্থানান্তরিত হওয়ার তারিখে উহা Appellate Tribunal এ দায়ের করা হইয়াছে।

#### দ্বাদশ অধ্যায়

অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর সংশোধন

১৯৯৭ সনের ১৫ নং  
আইন এর ধারা ৭ এর  
সংশোধন

৯৭। অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১) এর “২.৫%” সংখ্যা ও চিহ্নের পরিবর্তে “৩.৫%” সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।